গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বরিশাল
বিভাগীয় কার্যালয়
www.dncrp.barisaldiv.gov.bd

নম্বর ২৬.০৪.১০০০.৮০১.১৭.০১২.২২.৬৮

তারিখ: ৪ মাঘ ১৪২৯
১৮ জানুয়ারি ২০২৩

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: **১৮ জানুয়ারি ২০২৩ তারিখে বরিশাল বিভাগীয় কার্যালয়ের ০২ টি টিম কর্তৃক বরিশাল জেলার বানারীপাড়া উপজেলায় পরিচালিত বাজার তদারকি কার্যক্রম সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি।**

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বরিশাল বিভাগীয় কার্যালয় কর্তৃক ১৮/০১/২০২৩ খ্রি: তারিখে উপপরিচালক জনাব অপূর্ব অধিকারী এবং সহকারী পরিচালক জনাব সাফিয়া সুলতানা এর নেতৃত্বে ০২ টি তদারকি টিম বরিশাল জেলার বানারীপাড়া উপজেলার উত্তরপাড় লঞ্চঘাট বাজার এলাকায় অভিযান পরিচালনা করে। উক্ত অভিযানে উপপরিচালক জনাব অপুর্ব অধিকারী মেসার্স বালী এন্টারপ্রাইজকে পণ্যের মোড়কে খুচরা বিক্রয়মূল্য লিপিবদ্ধ না করার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৩৭ ধারা অনুযায়ী ৮,০০০/- টাকা জরিমানা আরোপ করেন । অপরদিকে জনাব সাফিয়া সুলতানা একই এলাকায় এনজেল বেকারীকে পণ্যের মোড়কে খুচরা বিক্রয়মূল্য লিপিবদ্ধ না করা, খাদ্যপণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, প্রতিশ্রুত পণ্য যথাযথভাবে সরবরাহ না করার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৩৭, ৪২ ও ৪৫ ধারা অনুযায়ী ৮,০০০/- টাকা জরিমানা আরোপ করেন । আজকের ০২ টি অভিযানে ০২ টি প্রতিষ্ঠানে সর্বমোট ১৬,০০০/- টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয় । অভিযান চলাকালে উপস্থিত ভোক্তাদের মাঝে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ সম্পর্কিত লিফলেট ও প্যাম্ফলেট বিতরণ করা হয় এবং পণ্য বা সেবা ক্রয়ে প্রতারিত হলে অধিদপ্তরে অভিযোগ দায়েরের ব্যাপারে উদ্বুদ্ধ করা হয় । এপিবিএন-১০ এর একটি চৌকস টিমের সহায়তায় উপর্যুক্ত অভিযান পরিচালিত হয়েছে। জনস্বার্থে এই অভিযান অব্যাহত থাকবে।

১৮-১-২০২৩
অপূর্ব অধিকারী
উপপরিচালক
ইমেইল: dd-barisal@dncrp.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মহাপরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা ।

২) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল।

৩) পুলিশ কমিশনার, বরিশাল।

৪) জেলা প্রশাসক, বরিশাল।

৫) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল।

৬) সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বরিশাল বিভাগীয় কার্যালয়।

৭) অফিস কপি।